# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ২১৮/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার, ৯ মে ২০১৮, ২৬ বৈশাখ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। স্বপ্নের বঙ্গবন্ধু স্যাটেলাইট আগামীকাল কক্ষপথে যাচ্ছে :
প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে উৎক্ষেপণ উদ্বোধন করবেন

২। মহাসড়কে চালকদের জন্য বিশ্রামাগার তৈরির নির্দেশ প্রধানমন্ত্রীর
একনেকে ১৩ প্রকল্পের অনুমোদন

৩। শান্তিনিকেতনে বৈঠকে বসবেন বাংলাদেশ ও ভারতের প্রধানমন্ত্রী

৪। ব্যাংক খাত পুনর্গঠনে কমিশন গঠন করা হবে : প্রাক বাজেট আলোচনায় অর্থমন্ত্রী

৫। বাংলাদেশের উন্নয়নে সহযোগিতার আশ্বাস
শিল্পমন্ত্রীর সাথে অস্ট্রেলিয়ার সহকারী অর্থমন্ত্রীর সাক্ষাৎ

৬। চরফ্যাশনে ১০০ শয্যার হাসপাতাল : ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন স্বাস্থ্যমন্ত্রী

৭। ২০২৪ সালের আগেই উন্নয়নশীল দেশ হবে বাংলাদেশ : এলজিআরডিমন্ত্রী

৮। প্রবীণ গণমাধ্যমকর্মীদের পেনশন ব্যবস্থা করা হবে : সমাজকল্যাণ মন্ত্রী

৯। এপ্রিলে মূল্যস্ফীতি কমেছে : একনেক বৈঠকশেষে পরিকল্পনামন্ত্রী

১০। রাজীবের ভাইদের কোটি টাকা ক্ষতিপূরণের নির্দেশ হাইকোর্টের

১১। প্রধানমন্ত্রী স্বর্ণপদক পাচ্ছেন ১৬৫ শিক্ষার্থী

১২। পরমাণু বিজ্ঞানী ড. ওয়াজেদ মিয়ার মৃত্যুবার্ষিকী আজ

১৩। রোহিঙ্গা নির্যাতনের তদন্তে বাংলাদেশের মতামত চেয়েছে আইসিসি

চলমান পাতা-২



**১। স্বপ্নের বঙ্গবন্ধু স্যাটেলাইট আগামীকাল কক্ষপথে যাচ্ছে**

**প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে উৎক্ষেপণ উদ্বোধন করবেন**

স্বপ্নের বঙ্গবন্ধু স্যাটেলাইট আগামীকাল ১০ মে বৃহস্পতিবার বাংলাদেশের স্থানীয় সময় মধ্যরাতে কক্ষপথের উদ্দেশে উড়তে পারে। ঢাকা থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১-এর উৎক্ষেপণ উদ্বোধন করবেন। এ উপলক্ষে বাংলাদেশের একটি প্রতিনিধিদল এরই মধ্যে যুক্তরাষ্ট্রে পৌঁছেছে। যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় স্পেস এক্সের স্যাটেলাইট উৎক্ষেপণ কেন্দ্রে উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়, তথ্য প্রতিমন্ত্রী তারানা হালিম, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়-সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ইমরান আহমেদসহ প্রায় ৪২ সদস্যের প্রতিনিধিদল। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫)।

২। **মহাসড়কে চালকদের জন্য বিশ্রামাগার তৈরির নির্দেশ প্রধানমন্ত্রীর**
**একনেকে সভায় ১৩ প্রকল্পের অনুমোদন**

দুর্ঘটনা এড়াতে মহাসড়কের পাশে বাস এবং ট্রাকচালকদের জন্য বিশ্রামাগার তৈরির নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (৮ মে মঙ্গলবার) শেরেবাংলা নগরে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির বৈঠকে এ নির্দেশ দেন তিনি। এ প্রসঙ্গে তিনি জানান, পাশের দেশ ভারতসহ অন্যান্য দেশে বিশ্রামাগারের ব্যবস্থা রয়েছে। আমাদের দেশে এটা এখনও চালু হয়নি। নির্দিষ্ট দূরত্বে এসব বিশ্রামাগার নির্মাণের জন্য সড়ক ও জনপথ অধিদপ্তরকে নির্দেশ দেন প্রধানমন্ত্রী। একনেক বৈঠকে আঞ্চলিক সড়ক যোগাযোগ প্রতিষ্ঠার লক্ষ্যে জয়দেবপুর-চন্দ্রা-টাঙ্গাইল-এলেঙ্গা মহাসড়ক চার লেনে উন্নীত করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। দক্ষিণ এশীয় সড়ক সংযোগের আওতায় এ প্রকল্প বাস্তবায়ন করা হবে। এদিকে বৈঠকে খুলনা-দর্শনার বিদ্যমান ১২৬ কিলোমিটার রেললাইনকে ডাবল লেনে উন্নীত করার প্রকল্প অনুমোদন দেওয়া হয়। ভারত সরকারের প্রতিশ্রুত দ্বিতীয় লাইন অব ক্রেডিটের অর্থায়নে এ প্রকল্পটি বাস্তবায়ন করা হবে। এতে মোট খরচ হবে ৩ হাজার ৮০১ কোটি টাকা। ঢাকার সাভারে জাতীয় জিন ব্যাংক স্থাপন শিরোনামে আলাদা একটি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। গতকালের বৈঠকে মোট ১৩টি প্রকল্পের অনুমোদন দেওয়া হয়। সূত্র : **সমকাল** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

৩। **শান্তিনিকেতনে বৈঠকে বসবেন বাংলাদেশ ও ভারতের প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি কলকাতার শান্তিনিকেতনে দ্বিপক্ষীয় বৈঠকে বসবেন বলে জানান পররাষ্ট্র সচিব মো. শহীদুল হক। তিনি বলেন, আমাদের দুই ঘনিষ্ঠ প্রতিবেশীর সম্পর্ক অত্যন্ত ভালো। ধারণা করছি, দুই দেশের প্রধানমন্ত্রীর মধ্যে বর্তমান ও ভবিষ্যৎ সহযোগিতার ক্ষেত্রগুলো নিয়ে ফলপ্রসূ আলোচনা হবে। শান্তিনিকেতনে বাংলাদেশ ভবন উদ্বোধনের জন্য আগামী ২৫ মে ভারত যাবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী শান্তিনিকেতন ছাড়াও আসানসোলের কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় পরিদর্শন করবেন ২৬ মে। সেখানে তাকে সম্মানসূচক ডি, লিট ডিগ্রি প্রদান করা হবে। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.১), **ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.২, ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.৮)।

৪। **ব্যাংক খাত পুনর্গঠনে কমিশন গঠন করা হবে : প্রাক বাজেট আলোচনায় অর্থমন্ত্রী**

ব্যাংক খাত পুনর্গঠনে ব্যাংক কমিশন গঠন করা হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গতকাল (৮ মে মঙ্গলবার) রাতে রাজধানীর একটি হোটেলে 'কেমন বাজেট চাই' এর আলোচনাসভায় অর্থমন্ত্রী বলেন, বাজেটে কর্পোরেট ট্যাক্স কমানো হচ্ছে। এ ছাড়া শেয়ার বাজার সম্পর্কে যে অঙ্গীকার ছিল সেটি বাস্তবায়নের চেষ্টা করব। ব্যাংক খাতের জন্য একটি কমিশন গঠন করা হবে। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২), **নিউ এজ** (পৃ.১,ক.৬)।

৫। **দেশের উন্নয়নে সহযোগিতার আশ্বাস : শিল্পমন্ত্রীর সাথে অস্ট্রেলিয়ার সহকারী অর্থমন্ত্রীর সাক্ষাৎ**

বাংলাদেশের চলমান উন্নয়ন অভিযাত্রায় অস্ট্রেলিয়ার সহযোগিতা অব্যাহত থাকবে বলে জানিয়েছেন দেশটির সহকারী অর্থমন্ত্রী ডেভিড কোলম্যান। তিনি বলেন, দক্ষিণ এশিয়ায় দ্রুত ও টেকসই আর্থসামাজিক অগ্রগতির ক্ষেত্রে বাংলাদেশ নতুন উদাহরণ সৃষ্টি করেছে। অস্ট্রেলিয়া সফররত শিল্পমন্ত্রী আমির হোসেন আমুর সঙ্গে বৈঠককালে ডেভিড কোলম্যান এ কথা বলেন। ক্যানবেরার ফেডারেল সংসদ কার্যালয়ে গতকাল (৮ মে মঙ্গলবার)এ দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে শিল্পমন্ত্রী অস্ট্রেলিয়ার বাজারে বাংলাদেশি পণ্যের বিশেষ সুবিধা দেয়ায় সে দেশের সরকারকে ধন্যবাদ জানান। আগামী দিনে দ্বিপক্ষীয় ব্যাবসাবাণিজ্য ও অর্থনৈতিক অংশীদারিত্ব নতুন উচ্চতায় পৌঁছবে বলে আশা করেন তিনি। সূত্র-**বণিক বার্তা** (পৃ.৭,ক.৬), **সংবাদ** (পৃ.১৪,ক.৪)।



৬। **চরফ্যাশনে ১০০ শয্যার হাসপাতাল : ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন স্বাস্থ্যমন্ত্রী**

দেশের উপজেলাগুলোর মধ্যে প্রথম ১০০ শয্যার হাসপাতাল নির্মাণের কাজ গতকাল (৮ মে মঙ্গলবার) আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে ভোলার চরফ্যাশন উপজেলায়। নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। পরে ব্রজগোপাল টাউন হলে এক সুধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে স্বাস্থ্যমন্ত্রী বলেন, আওয়ামী লীগ নির্বাচনকে ভয় পায় না। সুধী সমাবেশে বিশেষ অতিথির বক্তব্যে পরিবেশ ও বন উপমন্ত্রী আবদুল্লাহ আল ইসলাম জ্যাকব বলেন, এলাকার মানুষের এক সময়ের দুঃখ নদীভাঙন রোধে ৫২৩ কোটি টাকার কাজ চলমান রয়েছে। গত ৮ বছরে ১৫০টি নতুন শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে উঠেছে। পরে স্বাস্থ্যমন্ত্রী চরফ্যাশনের ৩টি ইউনিয়নে ১৮ কিলোমিটার দীর্ঘ পল্লিবিদ্যুতের সংযোগ কাজের উদ্বোধন করেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.২)।

**৭। ২০২৪ সালের আগেই উন্নয়নশীল দেশ হবে বাংলাদেশ : এলজিআরডিমন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লিউন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বে উন্নয়নশীল দেশ হিসেবে জাতিসংঘের স্বীকৃতি পেয়েছে বাংলাদেশ। দেশ এখন উন্নয়নের মহাসড়কে রয়েছে। ২০২৪ সালের আগেই উন্নয়নশীল দেশে পরিণত হবে বাংলাদেশ। গতকাল (৮ মে মঙ্গলবার) রাজধানীর হলি ফ্যামিলি মেডিকেল কলেজ মিলনায়তনে বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি কর্তৃক আয়োজিত 'বিশ্ব রেডক্রস ও রেডক্রিসেন্ট দিবস-২০১৮' পালন উপলক্ষে আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৪)।

**৮। প্রবীণ গণমাধ্যমকর্মীদের পেনশন ব্যবস্থা করা হবে : সমাজকল্যাণ মন্ত্রী**

সমাজকল্যাণ মন্ত্রী রাশেদ খান মেনন বলেছেন, প্রবীণ গণমাধ্যমকর্মীদের জন্য পেনশন ব্যবস্থা ও গ্রুপ ইন্সুরেন্সসহ বিভিন্ন সুবিধার উদ্যোগ নেওয়া হবে। গতকাল (৮ মে মঙ্গলবার) বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এ কথা বলেন। তিনি আগামী বাজেটে প্রবীণদের ভাতা প্রদানের সংখ্যা বৃদ্ধি করার কথা উল্লেখ করে বলেন, সাংবাদিকরা ঝুঁকি নিয়ে কাজ করে। তাই সাংবাদিকদের জন্য সরকার কল্যাণ ট্রাস্ট গঠন করেছে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৬), **নিউ এজ** (পৃ.৩,ক.৬)।

**৯। এপ্রিলে মূল্যস্ফীতি কমেছে : একনেক বৈঠকশেষে পরিকল্পনামন্ত্রী**

চলতি অর্থবছরের এপ্রিলে দেশে মূল্যস্ফীতি কমে ৫ দশমিক ৬৩ শতাংশ হয়েছে। আসছে রমজানেও মূল্যস্ফীতির হার কমবে বলে মনে করছেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। গতকাল (৮ মে মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলা নগর এনইসি সম্মেলনকক্ষে একনেক সভাশেষে এ তথ্য জানান তিনি। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তথ্য দিয়ে পরিকল্পনামন্ত্রী জানান, এক মাসের ব্যবধানে সার্বিক মূল্যস্ফীতি দশমিক শূন্য ৫ শতাংশ কমেছে। মার্চে সার্বিক মূল্যস্ফীতি ছিল ৫ দশমিক ৬৮ শতাংশ। এপ্রিলে তা কমে দাঁড়িয়েছে ৫ দশমিক ৬৩ শতাংশ। পরিকল্পনামন্ত্রী বলেন, ধারাবাহিকভাবে দেশের মূল্যস্ফীতি কমেছে। দেশের উৎপাদিত পণ্য ও আন্তর্জাতিক বাজারে পণ্যের দাম কম থাকায় দেশে মূল্যস্ফীতি কমেছে। আগামী দুই মাসে মূল্যস্ফীতির হার আরো কমবে বলে আশা করেন তিনি। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.১), **যুগান্তর** (পৃ.১৫,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২), **অবজারভার** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

**১০। রাজীবের ভাইদের কোটি টাকা ক্ষতিপূরণের নির্দেশ হাইকোর্টের**

দুই বাসের রেষারেষিতে হাত হারানো ও পরে মারা যাওয়া তিতুমীর কলেজের শিক্ষার্থী রাজীব হাসানের দুই ভাইকে ১ কোটি টাকা ক্ষতিপূরণ দেয়ার নির্দেশ দিয়েছে হাইকোর্ট। আগামী এক মাসের মধ্যে বিআরটিসি ও স্বজন পরিবহণকে ক্ষতিপূরণের অর্ধেক (৫০ লাখ) টাকা পরিশোধের নির্দেশ দেওয়া হয়েছে। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৬), **বণিক বার্তা** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৩)।

**১১। প্রধানমন্ত্রী স্বর্ণপদক পাচ্ছেন ১৬৫ শিক্ষার্থী**

২০১৭ সালের জন্য পাবলিক ও প্রাইভেট বিশবিদ্যালয়ের ১৬৫ জন কৃতী শিক্ষার্থী (পাবলিক বিশবিদ্যালয়ের ১৬৩ ও প্রাইভেট বিশবিদ্যালয়ের ২ জন) স্ব-স্ব অনুষদে সর্বোচ্চ নম্বর/ সিজিপিএ অর্জনের স্বীকৃতি হিসেবে ইউজিসির উদ্যোগে প্রধানমন্ত্রী স্বর্ণপদক পাচ্ছেন। গতকাল (৮ মে মঙ্গলবার) ইউজিসিতে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৭), **ডেইলি সান** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

**১২। পরমাণু বিজ্ঞানী ড. ওয়াজেদ মিয়ার মৃত্যুবার্ষিকী আজ**

বিশিষ্ট পরমাণু বিজ্ঞানী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বামী ড. এম এ ওয়াজেদ সুধা মিয়ার ৯ম মৃত্যুবার্ষিকী আজ। ২০০৯ সালের ৯ মে ঢাকার এক হাসপাতালে বার্ধক্যজনিত কারণে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। পরে তাকে রংপুরের পীরগঞ্জ উপজেলার ফতেপুর গ্রামে সমাহিত করা হয়। ওয়াজেদ মিয়ার মৃত্যুবার্ষিকী উপলক্ষে বাণীতে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেন, ওয়াজেদ মিয়ার মেধা, মনন ও সৃজনশীলতা দিয়ে জনগণের কল্যাণে যে কাজ করে গেছেন, জাতি তা গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে। তিনি তাঁর কর্মের জন্য শুধু আমাদের কাছে নন, ভবিষ্যৎ প্রজন্মের কাছে ও

অনুপ্রেরণার উৎস হিসেবে বেঁচে থাকবেন। এ উপলক্ষে ড. ওয়াজেদ স্মৃতি সংসদ মিলাদ মাহফিল, আলোচনাসভার কর্মসূচি গ্রহণ করেছে। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **নিউ এজ** (পৃ.২,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.১)।

**১৩। রোহিঙ্গা নির্যাতনের তদন্তে বাংলাদেশের মতামত চেয়েছে আইসিসি**

রোহিঙ্গাদের ওপর মিয়ারমারের সেনাবাহিনীর সাম্প্রতিক নৃশংসতায় মানবতাবিরোধী অপরাধ সংঘটিত হয়েছে কি না, তা তদন্তের কথা বিবেচনা করছে আন্তর্জাতিক অপরাধ আদালত। এজন্য রোহিঙ্গাদের জোর করে তাদের বাস্তুভিটা থেকে উৎখাতের বিষয়ে আইসিসি বাংলাদেশের কাছে মতামত চেয়েছেন। গত ৭ মে সোমবার নেদারল্যান্ডের হেগে অবস্থিত আইসিসি প্রাক্-বিচারক শুনানিতে তিন সদস্যর আদালত বাংলাদেশের কাছে তথ্য সংগ্রহের সিদ্ধান্ত নিয়েছেন। আদালত আগামী **১১** জুনের মধ্যে প্রকাশ্যে কিংবা গোপনে এ বিষয়ে পর্যবেক্ষণ দিতে বাংলাদেশকে অনুরোধ জানিয়েছেন। এদিকে রোহিঙ্গা শিশু ও নারী এবং ঝুঁকিপূর্ণ স্থানীয় লোকজনের মানবিক সহায়তায় জাপানের কাছ থেকে **১** কোটি ৫৭ লাখ ডলার পেয়েছে ইউনিসেফ। প্রতিষ্ঠানটির এক সংবাদ বিজ্ঞপ্তিতে গতকাল (৮ মে মঙ্গলবার) এ কথা জানানো হয়। অপরদিকে, রোহিঙ্গাদের জন্য ত্রাণসামগ্রী নিয়ে চট্টগ্রাম বন্দরের জলসীমায় পৌঁছেছে ভারতের নৌবাহিনীর জাহাজ। জাহাজে থাকা ত্রাণসামগ্রী আজ ৯ মে বুধবার চট্টগ্রাম জেলা প্রশাসনের কাছে হস্তান্তর করা হবে। ভারতীয় দূতাবাস এক বিজ্ঞপ্তিতে ত্রাণ সামগ্রী হস্তান্তরের বিষয়টি জানায়। সূত্র : **প্রথম আলো** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

## সম্পাদকীয়

ক. **সমকাল :** হাওরাঞ্চলে সরকার নির্ধারিত মূল্যের চেয়ে অর্ধেক দামে ধান বিক্রি করছে কৃষকরা উল্লেখ করে দ্রুত কৃষকের কাছ থেকে ধান সংগ্রহ করতে খাদ্য মন্ত্রণালয়ের প্রতি সুপারিশ।

খ. **ইত্তেফাক** : কিশোর গ্যাংয়ের হাতে একের পর এক মৃত্যুর ঘটনায় আতংকিত হয়ে উঠেছে চট্টগ্রামবাসী উল্লেখ করে কিশোরদের এ ধরনের ভয়ানক অপরাধ প্রবণতা বন্ধে কার্যকর পদক্ষেপ নেওয়ার দাবি।

গ. **যায়যায়দিন, যুগান্তর :** বগুড়ার শিবগঞ্জ উপজেলার আটমুল ইউনিয়ন এলাকায় ধানক্ষেতে চারটি লাশ পড়ে থাকার খবরে উদ্বেগ প্রকাশ করে দেশকে সমৃদ্ধির পথে নিয়ে যেতে এ ধরনের নৃশংস ঘটনা রোধে কঠোর পদক্ষেপ কামনা।

ঘ. **যুগান্তর, সংবাদ** : রাজধানীর সড়কগুলোতে খোঁড়াখুঁড়ির কারণে নগরবাসীকে দুর্ভোগ পোহাতে হচ্ছে উল্লেখ করে এ অবস্থা নিরসনে বিভিন্ন সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নিজেদের মধ্যে কাজের সমন্বয় করার সুপারিশ।

ঘ. **যুগান্তর :** পটুয়াখালীর কলাপাড়ার চিংগুড়িয়া খালের বিভিন্ন অংশ দখলমুক্ত করার দাবিতে কলাপাড়া পৌর শহরের নাগরিকদের ব্যানারে যে মানববন্ধন ও সমাবেশ হয়েছে তাতে অকুণ্ঠ সমর্থন জানিয়ে সারাদেশের এ ধরনের খাল-নদী দখল ও দূষণের হাত থেকে রক্ষায় সবাইকে সোচ্চার হওয়ার আহ্বান।

ঙ. **ইন্ডিপেনডেন্ট** : সরকারি বিভিন্ন সুযোগ-সুবিধার কারণে পার্বত্যাঞ্চলে শিশুদের প্রাথমিক শিক্ষার হার বেড়ে যাওয়ার পরিপ্রেক্ষিতে এসব শিশুর বাংলা মাধ্যমে সরাসরি পড়ার সুবিধার জন্য প্রি-স্কুল শিক্ষার ব্যবস্থা করা খুবই জরুরি বলে অভিমত।

চ. **ডেইলি সান** : এসএসসি কৃতকার্য সকল শিক্ষার্থীর কলেজে একাদশ শ্রেণিতে ভর্তি হওয়ার সুযোগ নিশ্চিত করার আহ্বান।

ছ. **ডেইলি স্টার** : শিক্ষাপ্রতিষ্ঠানে ও কর্মক্ষেত্রে নারীদের শারীরিক হয়রানির বিষয়ে অ্যাকশন এইড প্রকাশিত প্রতিবেদনের বিষয় তুলে ধরে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও প্রতিষ্ঠানের নিয়োগকর্তাকে এ ব্যাপারে সুপ্রিম কোর্টের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের সুপারিশ।

জ. **নিউজ** টুডে : চট্টগ্রামে বিজেএমসির আমিন জুট মিলসের নিজস্ব জায়গায় পাহাড়ে হাউজিং করার সিদ্ধান্ত পাহাড় রক্ষার্থে পুনর্বিবেচনা করার সুপারিশ।

ঝ. **নিউ এজ :** চিকিৎসকদের কর্তব্যকাজে অবহেলায় রোগী মারা যাওয়ায় বিষয় সংক্রান্ত মামলাগুলো নিষ্পত্তিতে বাংলাদেশ মেডিক্যাল ও ডেন্টাল কাউন্সিলকে পর্যাপ্ত ক্ষমতা প্রদানের ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

## নিবন্ধ ও ফিচার

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'বায়ুদূষণে বাড়ছে স্বাস্থ্যঝুঁকি'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বায়ুদূষণ রোধে কঠোর আইন প্রণয়ন এবং এর যথাযথ বাস্তবায়ন প্রয়োজন।

#

খাদীজা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা